সিএফও মাস্টারক্লাস ফর ইন্স্যুরেন্স কোম্পানি

রোড টু ইন্স্যুরেন্স সিএফও

পেশাদার হিসাববিদ থেকে বীমা কোম্পানির প্রধান আর্থিক কর্মকর্তা



পর্ব ০৬

অর্গানোগ্রাম: সিএফও, সিইও, অ্যাপয়েন্টেড অ্যাকচুয়ারি, কোম্পানি সচিব ও অভ্যন্তরীণ নিরীক্ষার সম্পর্ক

«ঝুঁকি বুঝি, আস্থা গড়ি»

প্রস্তুতকারী: মোঃ কেরামত আলী এফসিএমএ
নির্বাহী পরিচালক, সিএফও ও কোম্পানি সচিব, BLING Leather Products Ltd.
ফেলো, ICMAB | মোবাইল: ০১৭১৬১৫০১৮০

কেন অর্গানোগ্রাম গুরুত্বপূর্ণ: তিন রেখার জবাবদিহি

প্রথম রেখা: ব্যবস্থাপনা

কারা: সিইও, ব্যবসা, আন্ডাররাইটিং, দাবি, অর্থ ও হিসাব (সিএফও)

কাজ: ঝুঁকি নেয় ও দৈনন্দিন নিয়ন্ত্রণ চালায়

দ্বিতীয় রেখা: ঝুঁকি ও সম্মতি

কারা: ঝুঁকি ব্যবস্থাপনা, কমপ্লায়েন্স, CAMLCO, অ্যাকচুয়ারিয়াল ফাংশন

কাজ: মানদণ্ড ঠিক করে, পর্যবেক্ষণ ও চ্যালেঞ্জ করে

তৃতীয় রেখা: অভ্যন্তরীণ নিরীক্ষা


কারা: HIAC — সরাসরি বোর্ডের অডিট কমিটির কাছে

কাজ: স্বাধীন নিশ্চয়তা দেয়; ব্যবস্থাপনা থেকে স্বাধীন

সিএফও-র অবস্থান: সিএফও প্রথম রেখার নিয়ন্ত্রক — আর্থিক প্রতিবেদন ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের মালিক। তাই অভ্যন্তরীণ নিরীক্ষা সিএফও-র অধীনে থাকতে পারে না; আবার অ্যাকচুয়ারি ও সিএফও একে অপরের তথ্য যাচাই করেন। পরিষ্কার অর্গানোগ্রাম মানে পরিষ্কার জবাবদিহি।

সূত্র: The Institute of Internal Auditors (IIA), "The IIA's Three Lines Model", জুলাই ২০২০; IAIS, Insurance Core Principles — ICP 8 (Risk Management and Internal Controls): ঝুঁকি, কমপ্লায়েন্স, অ্যাকচুয়ারিয়াল ও অভ্যন্তরীণ নিরীক্ষা — চারটি "control function"। শ্রেণিবিন্যাস প্রস্তুতকারীর।

একটি তালিকাভুক্ত বীমা কোম্পানির আদর্শ অর্গানোগ্রাম



চার্ট পড়ার নিয়ম

- সিইও, সিএফও, সিএস ও HIAC — চারজনকেই নিয়োগ দেয় বোর্ড; চার পদে চার ভিন্ন ব্যক্তি
- HIAC কার্যগতভাবে অডিট কমিটির কাছে; প্রশাসনিক বিষয় (ছুটি, বেতন) সিইও-র সাথে
- সিএস বোর্ডের সচিবালয়; অডিট কমিটি ও NRC-র সচিবও
- অ্যাকচুয়ারি প্রশাসনিকভাবে ব্যবস্থাপনায়, কিন্তু মূল্যায়ন প্রতিবেদন যায় বোর্ড ও IDRA-তে

সূত্র: BSEC Corporate Governance Code, ০৩.০৬.২০১৮, শর্ত ৩(১)(ক)–(খ), ৪, ৫.২(খ) ও (ঙ), ৬.২(ছ); IDRA Insurance Corporate Governance Guidelines, ১৯.১০.২০২৩ (গ্রিন ডেল্টা বার্ষিক প্রতিবেদন ২০২৫-এ উদ্ধৃত)। চার্ট প্রস্তুতকারীর আদর্শ রূপ — কোম্পানিভেদে ভিন্ন হতে পারে।

BSEC CG কোড: চার মূল পদের আইনি ভিত্তি

শর্ত	বিধান	সিএফও-র জন্য তাৎপর্য
৩(১)(ক)	বোর্ড সিইও, কোম্পানি সচিব, সিএফও ও HIAC নিয়োগ দেবে	সিএফও-র নিয়োগকর্তা বোর্ড, সিইও নন
৩(১)(খ)	চার পদ চারজন ভিন্ন ব্যক্তি পূরণ করবেন	সিএফও একই সাথে সিএস বা HIAC নন
৩(১)(গ)	একই সময়ে অন্য কোনো কোম্পানিতে নির্বাহী পদ নয়	গ্রুপের অন্য কোম্পানির নির্বাহী পদও নয়
৩(১)(ঘ)	বোর্ড স্পষ্টভাবে ভূমিকা, দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ করবে	বোর্ড-অনুমোদিত লিখিত দায়িত্ববিবরণী
৩(১)(ঙ)	বোর্ডের অনুমোদন ছাড়া অপসারণ নয়; কমিশন ও স্টক এক্সচেঞ্জে তাৎক্ষণিক প্রকাশ	পেশাগত স্বাধীনতার সুরক্ষা
৩(২)	চারজনই বোর্ড সভায় উপস্থিত থাকবেন (নিজস্ব বিষয়ের এজেন্ডা ছাড়া)	বোর্ডে সরাসরি আর্থিক ব্যাখ্যা
৩(৩)	সিইও ও সিএফও আর্থিক বিবরণীর সত্যতা এবং প্রতারণামূলক লেনদেন না থাকার সনদ দেবেন	ব্যক্তিগত স্বাক্ষর = ব্যক্তিগত দায়
৫.২(ঙ), ৬.২(ছ)	কোম্পানি সচিব অডিট কমিটি ও NRC-র সচিব	সিএফও-সিএস সমন্বয় অপরিহার্য

সূত্র: BSEC Notification No. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80, ০৩.০৬.২০১৮ (Corporate Governance Code), শর্ত ৩, ৫.২ ও ৬.২ — গ্রিন ডেল্টা ইন্স্যুরেন্স পিএলসি, বার্ষিক প্রতিবেদন ২০২৫-এর CG compliance status-এ উদ্ধৃত পাঠ থেকে যাচাইকৃত। বাংলা অনুবাদ প্রস্তুতকারীর।

কে নিয়োগ দেয়, কে অনুমোদন করে

পদ	নিয়োগকর্তা	নিয়ন্ত্রক শর্ত	মূল সূত্র
সিইও / এমডি	বোর্ড	IDRA-র পূর্বানুমোদন; মেয়াদ ৩ বছর; নবায়ন আবেদন ৬০ দিন আগে; অপসারণেও IDRA অনুমোদন	এস.আর.ও. ৩৭৫-আইন/২০১২, প্রবিধান ৪, ৬ ও ৭ (সংশোধন: এস.আর.ও. ৪৭৪-আইন/২০২৫)
সিএফও	বোর্ড	IDRA-র পূর্বানুমোদন; বিদ্যমানদের আবেদন ৩০.১১.২০২৬-এর মধ্যে	IDRA GAD সার্কুলার ২১/২০২৬; BSEC ৩(১)(ক)
কোম্পানি সচিব	বোর্ড	অপসারণে বোর্ড অনুমোদন ও BSEC-এক্সচেঞ্জে প্রকাশ	BSEC ৩(১)(ক), ৩(১)(ঙ)
HIAC	বোর্ড	অপসারণে বোর্ড অনুমোদন ও প্রকাশ	BSEC ৩(১)(ক), ৩(১)(ঙ)
অ্যাকচুয়ারি	বীমাকারী	প্রবিধান ৩-এর যোগ্যতা আবশ্যক; বিদেশি অ্যাকচুয়ারি নিয়োগে IDRA অনুমোদন	একচ্যুয়ারির যোগ্যতা ও দায়িত্ব প্রবিধানমালা, ২০২৩ (এস.আর.ও. ২৯২-আইন/২০২৩)
উপদেষ্টা	বোর্ড	IDRA-র পূর্বানুমোদন; চুক্তি সর্বোচ্চ ৩ বছর; বয়স ৭৬ পর্যন্ত	বীমাকারীর উপদেষ্টা নিয়োগ প্রবিধানমালা, ২০২৬ (০৭.০১.২০২৬)

লক্ষণীয়: GAD ২১/২০২৬-এর পর বীমা কোম্পানিতে সিইও ও সিএফও — দুই পদেই বোর্ডের সিদ্ধান্তের পাশাপাশি IDRA-র অনুমোদন লাগে।

সূত্র: বাংলাদেশ গেজেট: এস.আর.ও. ৩৭৫-আইন/২০১২ (০৩.০১.২০১৩), ৪৭৪-আইন/২০২৫ (২২.১২.২০২৫) ও ২৯২-আইন/২০২৩ (৩০.১১.২০২৩); IDRA GAD সার্কুলার ২১/২০২৬, ২৮.১০.২০২৬; উপদেষ্টা প্রবিধানমালা ২০২৬: Insurance News BD, ২৬.০১.২০২৬; BSEC CG কোড ২০১৮।

সিইও প্রবিধান সংশোধন ২০২৫: সিএফও থেকে সিইও হওয়ার পথ

অভিজ্ঞতা — প্রবিধান ৩(খ)

বীমা ব্যবসায় মোট ন্যূনতম ১২ বছর; এর মধ্যে সিইও বা অতিরিক্ত এমডি, অথবা সাধারণ/জীবন বীমা কর্পোরেশনের জেনারেল ম্যানেজার পদে ≥১ বছর, অথবা উপ-এমডি পদে ≥৩ বছর (যার ১ বছর প্রধান কার্যালয়ে উন্নয়ন-বহির্ভূত দায়িত্বে)

বিশেষ ক্ষেত্র — ৩(খ)-এর শর্তাংশ

(অ) সরকার বা সরকারি সংস্থার ৫০%-এর বেশি মালিকানাধীন বীমা কোম্পানি; (আ) বহুজাতিক বীমা কোম্পানিতে ঊর্ধ্বতন ব্যবস্থাপনায় ≥২ বছরের সরাসরি বীমা অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি — IDRA শর্তের ব্যত্যয় ঘটিয়ে অনুমোদন দিতে পারে

সিএফও-র জন্য তাৎপর্য — ব্যাখ্যা

"ঊর্ধ্বতন ব্যবস্থাপনা পদ"-এর সংজ্ঞায় প্রধান আর্থিক কর্মকর্তা, কোম্পানি সচিব, প্রধান ঝুঁকি কর্মকর্তা, প্রধান বিনিয়োগ কর্মকর্তা এবং অভ্যন্তরীণ নিরীক্ষা ও কমপ্লায়েন্স প্রধান অন্তর্ভুক্ত

পেশাগত সনদে শিথিলতা — ৩(গ)

অতিরিক্ত এমডি/জিএম পদে ≥১ বছর বা উপ-এমডি পদে ≥৩ বছর এবং ১১টি স্বীকৃত সনদের একটি (IFoA/SoA, CII, CLU, LOMA, ICAB, ICAEW, ACCA, ICMA বাংলাদেশ, CFA, CPA ইত্যাদি) থাকলে IDRA অভিজ্ঞতার শর্ত শিথিল করতে পারে

নতুন অযোগ্যতা — প্রবিধান ৫(ছ)–(ঝ)

দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার, মানিলন্ডারিং বা আর্থিক অনিয়মে অপসারিত; IDRA কর্তৃক আবেদন প্রত্যাখ্যাত; ধারা ৫০(১) বা প্রবিধান ৭-এ অপসারিত; কোনো বীমা কোম্পানির পরিচালক, ≥৫% শেয়ারধারী, পরামর্শক বা উপদেষ্টা

সময়সীমা ও অপসারণ — প্রবিধান ৪ ও ৭

নবায়ন আবেদন মেয়াদ শেষের অন্তত ৬০ দিন আগে (আগে ১৫); IDRA-র সিদ্ধান্ত ৬০ দিনে। অপসারণ IDRA-র পূর্বানুমোদনে; প্রয়োজনে IDRA নিজেই তদন্ত ও কারণ দর্শানোর সুযোগ দিয়ে অপসারণ করতে পারে — ৭(৫ক)

সূত্র: বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ — এস.আর.ও. নং ৩৭৫-আইন/২০১২, ০৪.১১.২০১২ (গেজেট ০৩.০১.২০১৩); সংশোধন: এস.আর.ও. নং ৪৭৪-আইন/২০২৫, ১৪.১২.২০২৫ (গেজেট ২২.১২.২০২৫), বীমা আইন ২০১০-এর ধারা ১৪৮ ও ৮০। সংক্ষিপ্ত বাংলা পাঠ প্রস্তুতকারীর।

প্রস্তুতকারী: মোঃ কেরামত আলী এফসিএমএ | ০১৭১৬১৫০১৮০

সিএফও: দুই দিকে জবাবদিহি

মূল দায়িত্ব

- হিসাব, আর্থিক প্রতিবেদন ও কর
- বাজেট প্রণয়ন ও পর্যবেক্ষণ
- বোর্ডকে আর্থিক পরিকল্পনা, ঝুঁকি ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণে পরামর্শ
- IDRA রিটার্ন, সলভেন্সি ও বিনিয়োগ সীমা
- অ্যাকচুয়ারি ও বহিঃনিরীক্ষকের সাথে সমন্বয়

রিপোর্টিং লাইন

প্রশাসনিক

সিইও

আর্থিক প্রতিবেদন

অডিট কমিটি ও বোর্ড

নিয়ন্ত্রক

IDRA, BSEC, NBR

বাস্তব উদাহরণ

- প্রগতি লাইফ: সিইও ও সিএফও ২১.০৬.২০২৬ তারিখে বোর্ডকে ২০২৫-এর আর্থিক বিবরণী বিষয়ে যৌথ ঘোষণা দেন — ৬টি ঘোষণা ও ২টি প্রত্যয়ন
- ত্রৈমাসিক অনিরীক্ষিত হিসাবে স্বাক্ষর: সিইও, চেয়ারম্যানসহ ২ পরিচালক, সিএফও ও সিএস
- গ্রিন ডেল্টা: সিএফও-র দায়িত্বের বিবরণ বার্ষিক প্রতিবেদনে আলাদা অংশে প্রকাশিত


সূত্র: গ্রিন ডেল্টা বার্ষিক প্রতিবেদন ২০২৫, "Role of Chief Financial Officer (CFO)"; প্রগতি লাইফ বার্ষিক প্রতিবেদন ২০২৫, "Declaration by CEO and CFO" (পৃ. ১৩১) — BSEC CG কোড শর্ত ১(৫)(xxvi) ও ৩(৩); DSE (Listing) Regulations, ২০১৫, প্রবিধান ২০।

অ্যাপয়েন্টেড অ্যাকচুয়ারি: লাইফ ফান্ডের প্রহরী

প্রবিধান ৪: অ্যাকচুয়ারির দায়িত্ব

- পরিকল্প, প্রিমিয়াম, শর্তাদি, বিনিয়োগ, ব্যবস্থাপনা ব্যয় ও পুনর্বীমায় পরামর্শ
- ধারা ৪৩-এর সলভেন্সি মার্জিন নিরূপণ
- অনুত্তীর্ণ ঝুঁকির সঞ্চিতির পর্যাপ্ততা নিরূপণ
- বছরে অন্তত একবার দায় মূল্যায়নসহ আর্থিক অবস্থা নিরূপণ
- পরিকল্পের হার, সুবিধা ও শর্তের প্রত্যয়ন
- উদ্বৃত্ত বণ্টনে পলিসিহোল্ডারের যুক্তিসঙ্গত প্রত্যাশা নিশ্চিতকরণ
- পলিসিহোল্ডারের স্বার্থহানিকর বিষয়ে IDRA-তে প্রতিবেদন
- ধারা ৩০-এর প্রতিবেদন উপস্থাপনের বোর্ড সভায় যোগদান; সব হিসাব ও দলিলে প্রবেশাধিকার

প্রগতি লাইফ: অ্যাকচুয়ারিয়াল উদ্বৃত্ত (টাকা কোটি)



যোগ্যতা ও বাস্তবতা

- IFoA, SoA, অস্ট্রেলিয়া বা ভারতের অ্যাকচুয়ারিয়াল ইনস্টিটিউট, বা IAA পূর্ণ সদস্য সংস্থার ফেলো; অথবা ৫ বছর অভিজ্ঞতাসহ অ্যাসোসিয়েট
- বিদেশি অ্যাকচুয়ারি নিয়োগে IDRA-র অনুমোদন
- বাংলাদেশে অনুশীলনরত অ্যাকচুয়ারি মাত্র ২ জন (৮২টি বীমাকারী)

সিএফও–অ্যাকচুয়ারি হ্যান্ডশেক: সিএফও তথ্য দেন → অ্যাকচুয়ারি মূল্যায়ন করেন → সিএফও লাইফ ফান্ড ও উদ্বৃত্ত হিসাবে আনেন → বোর্ড লভ্যাংশ ও বোনাস অনুমোদন করে। প্রগতি লাইফ ২০২৫: অ্যাকচুয়ারি ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন; বোনাস ব্যয় সুপারিশ ৪৮.০১ কোটি; লভ্যাংশ ২৫%।

সূত্র: একচ্যুয়ারির যোগ্যতা ও দায়িত্ব প্রবিধানমালা, ২০২৩ — এস.আর.ও. নং ২৯২-আইন/২০২৩, ২২.১০.২০২৩ (গেজেট ৩০.১১.২০২৩), প্রবিধান ৩ ও ৪; প্রগতি লাইফ বার্ষিক প্রতিবেদন ২০২৫, "Abstract of Actuarial Valuation for 2025" (পৃ. ১৩০; কোটিতে রূপান্তর প্রস্তুতকারীর); The Financial Express, ০৯.০৬.২০২৬।

কোম্পানি সচিব: বোর্ডের বিবেক ও সম্মতির রক্ষক

বোর্ড ও কমিটি
সভার নোটিশ, এজেন্ডা, কার্যবিবরণী; অডিট কমিটি ও NRC-র সচিব

বিধিবদ্ধ রেজিস্টার
কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী রেজিস্টার ও RJSC-তে দাখিল

মূল্য-সংবেদনশীল তথ্য
বোর্ড সিদ্ধান্তের পর ৩০ মিনিটের মধ্যে এক্সচেঞ্জে প্রকাশ

CG সম্মতি
BSEC CG কোড, IDRA CG গাইডলাইন ও AGM প্রক্রিয়া

সিএফও–সিএস: একসাথে যেখানে

- বোর্ড প্যাকে আর্থিক বিবরণী — সিএফও প্রস্তুত করেন, সিএস সময়মতো পৌঁছান
- ত্রৈমাসিক হিসাবে দুজনেরই স্বাক্ষর (DSE প্রবিধান ২০)
- লভ্যাংশ: সিএফও তারল্য ও উদ্বৃত্ত দেখান, সিএস রেকর্ড ডেট, PSI ও বিতরণ সামলান
- গ্রিন ডেল্টায় সিএস বোর্ডের কাছে চেয়ারপারসনের মাধ্যমে সরাসরি রিপোর্ট করেন; পরিচালকরা সিএস-এর কাছে সরাসরি পৌঁছাতে পারেন

সূত্র: BSEC CG কোড ২০১৮, শর্ত ৩, ৫.২(ঙ), ৬.২(ছ); DSE (Listing) Regulations, ২০১৫, প্রবিধান ২০ ও ৩৩; কোম্পানি আইন, ১৯৯৪; গ্রিন ডেল্টা বার্ষিক প্রতিবেদন ২০২৫, Company Secretary অংশ (পৃ. ১৬৩)।

প্রস্তুতকারী: মোঃ কেরামত আলী এফসিএমএ | ০১৭১৬১৫০১৮০

অভ্যন্তরীণ নিরীক্ষা (HIAC): স্বাধীনতাই শক্তি



সিএফও-র শিক্ষা: নিরীক্ষার পরিধি ঠিক করা বা পর্যবেক্ষণ বদলানো সিএফও-র কাজ নয় — সময়মতো উত্তর ও সংশোধন পরিকল্পনা দেওয়াই কাজ।

গ্রিন ডেল্টা ২০২৫: কীভাবে স্বাধীনতা রক্ষিত

- প্রশাসনিকভাবে Internal Control & Compliance-এর অংশ হলেও নিরীক্ষা প্রধান সরাসরি অডিট কমিটির চেয়ারম্যানের কাছে রিপোর্ট করেন
- অডিট কমিটিতে HIAC-এর অবাধ ও সরাসরি প্রবেশাধিকার
- অডিট কমিটি বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা পর্যালোচনা ও অনুমোদন করে
- অডিট কমিটি: ৪ সদস্য, ২ জন স্বতন্ত্র পরিচালক, সভাপতি স্বতন্ত্র পরিচালক, ২ জন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট; সচিব কোম্পানি সচিব

সূত্র: গ্রিন ডেল্টা বার্ষিক প্রতিবেদন ২০২৫: Audit Committee অংশ (পৃ. ১৪৫–১৪৬) ও "Role of Head of Internal Audit and Compliance" (পৃ. ১৬৩); BSEC CG কোড ২০১৮, শর্ত ৩(১) ও ৫; IIA Three Lines Model, ২০২০।

বাস্তব চিত্র: গ্রিন ডেল্টা ও প্রগতি লাইফের মূল পদধারী (২০২৫)

পদ	গ্রিন ডেল্টা (নন-লাইফ)	প্রগতি লাইফ (লাইফ)
সিইও	ফারজানাহ্ চৌধুরী, এমডি ও সিইও	মোঃ জালালুল আজিম, এমডি ও সিইও
সিএফও	সাইফুর রহমান, FCMA	চন্দ্র শেখর দাস, FCA (অতিরিক্ত এমডি ও সিএফও)
কোম্পানি সচিব	মোঃ অলিউল্লাহ খান, FCS	জগদীশ কুমার ভঞ্জ, FCS, LLB
HIAC	কবির এ. চৌধুরী	মোঃ সাইফুর রহমান মুনির
অ্যাকচুয়ারি	অ্যাকচুয়ারিয়াল ফাংশন (দল) বর্ণিত	ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন (কোম্পানির অ্যাকচুয়ারি)
বোর্ড কমিটি	অডিট, NRC, বিনিয়োগ, ঝুঁকি, পলিসিহোল্ডার সুরক্ষা ও কমপ্লায়েন্স	অডিট কমিটি ও NRC প্রতিবেদন প্রকাশিত

লক্ষণীয় ১: দুই সিএফও-ই ICMAB বা ICAB-এর ফেলো — GAD ২১/২০২৬-এর স্বীকৃত পেশাগত যোগ্যতার তালিকায় পড়ে; অন্যান্য শর্ত IDRA যাচাই করবে।

লক্ষণীয় ২: প্রগতি লাইফের প্রতিবেদনে সিইও-কে "বোর্ডের সব কমিটির পদাধিকারবলে সদস্য" বলা হয়েছে; BSEC ৫.২(খ) অনুযায়ী অডিট কমিটির সদস্য হবেন নন-এক্সিকিউটিভ পরিচালক — গঠন যাচাই সিএস-এর কাজ।

সূত্র: গ্রিন ডেল্টা বার্ষিক প্রতিবেদন ২০২৫: Corporate Organogram (পৃ. ৩১), শেয়ারধারণ বিবরণ B(ii), ২.৫ Management Committee, Actuarial Function অংশ; প্রগতি লাইফ বার্ষিক প্রতিবেদন ২০২৫: পৃ. ৩৬–৩৭ ও ১৩০। নাম প্রতিবেদন থেকে বাংলায় লিপ্যন্তর।

দায়িত্ব বণ্টন ম্যাট্রিক্স (RACI): কে কী করেন

কাজ	সিইও	সিএফও	অ্যাকচুয়ারি	সিএস	HIAC	বোর্ড/AC
বার্ষিক আর্থিক বিবরণী	A	R	C	I	I	অনুমোদন
লাইফ ফান্ড মূল্যায়ন ও উদ্বৃত্ত	I	C	R	I	I	অনুমোদন
লভ্যাংশ ও বোনাস সুপারিশ	C	R	R	C	—	অনুমোদন
বোর্ড সভা ও কার্যবিবরণী	C	C	—	R	—	A
মূল্য-সংবেদনশীল তথ্য প্রকাশ	C	C	—	R	—	A
IDRA ত্রৈমাসিক রিটার্ন	A	R	C	I	I	I
অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা	I	I	—	I	R	অনুমোদন
IFRS 17 বাস্তবায়ন	A	R	R	I	C	তদারকি

R = সম্পাদনকারী A = চূড়ান্ত জবাবদিহি C = পরামর্শ I = অবহিত | আইনি অনুমোদন সর্বদা বোর্ডের

সূত্র: প্রস্তুতকারীর শিক্ষামূলক কাঠামো — ভিত্তি: BSEC CG কোড ২০১৮ শর্ত ৩ ও ৫; DSE (Listing) Regulations ২০১৫ প্রবিধান ২০ ও ৩৩; বীমা আইন ২০১০; IFRS 17 (IASB)। কোম্পানির বোর্ড-অনুমোদিত দায়িত্ববিবরণী অনুযায়ী বাস্তবে ভিন্ন হতে পারে।

সতর্কসংকেত ও আন্তর্জাতিক মানদণ্ড

অর্গানোগ্রামের লাল সংকেত

- অভ্যন্তরীণ নিরীক্ষা সিএফও বা সিইও-র কাছে কার্যগতভাবে রিপোর্ট করে
- একই ব্যক্তি সিএফও ও কোম্পানি সচিব (BSEC ৩(১)(খ) লঙ্ঘন)
- সিএফও-র সাথে বিনিয়োগ ও নগদ প্রদানের সব ক্ষমতা একহাতে, দ্বৈত স্বাক্ষর নেই
- অ্যাকচুয়ারি বোর্ড সভায় অনুপস্থিত বা হিসাব-দলিলে প্রবেশাধিকার নেই (২০২৩ প্রবিধান ৪ লঙ্ঘন)
- অপসারণের তথ্য BSEC ও এক্সচেঞ্জে প্রকাশ না করা

আন্তর্জাতিক রেফারেন্স

- IAIS ICP 7: বোর্ড ও ঊর্ধ্বতন ব্যবস্থাপনার ভূমিকা স্পষ্টভাবে আলাদা
- IAIS ICP 8: ঝুঁকি, কমপ্লায়েন্স, অ্যাকচুয়ারিয়াল ও অভ্যন্তরীণ নিরীক্ষা — বোর্ডে সরাসরি প্রবেশাধিকার
- ভারত (IRDAI): অ্যাপয়েন্টেড অ্যাকচুয়ারি, সিএফও, CRO, কমপ্লায়েন্স অফিসার ও কোম্পানি সচিব "Key Management Persons"
- IIA Three Lines Model ২০২০: নিরীক্ষা পরিচালনা পর্ষদের কাছে জবাবদিহি

সূত্র: IAIS, Insurance Core Principles (ICP 7 Corporate Governance; ICP 8 Risk Management and Internal Controls); IRDAI (Corporate Governance for Insurers) Regulations, ২০২৪ ও সংশ্লিষ্ট মাস্টার সার্কুলার; IIA, Three Lines Model, ২০২০; BSEC CG কোড ২০১৮। লাল সংকেতের তালিকা প্রস্তুতকারীর।

সম্ভাব্য ইন্টারভিউ প্রশ্ন

1. অভ্যন্তরীণ নিরীক্ষা কেন সিএফও-র অধীনে থাকতে পারে না?
2. BSEC CG কোড অনুযায়ী সিএফও-কে কে নিয়োগ ও অপসারণ করতে পারে?
3. লাইফ কোম্পানিতে লভ্যাংশ ঘোষণার আগে অ্যাকচুয়ারি ও সিএফও-র ভূমিকা কী?
4. সিএফও ও কোম্পানি সচিব কোন কোন নথিতে একসাথে স্বাক্ষর করেন?

পরবর্তী পর্ব — ০৭

মডিউল ২ শুরু: বীমা আইন, ২০১০ — অধ্যায়ভিত্তিক পর্যালোচনা

দায়মুক্তি (Disclaimer)

- এই সিরিজ সম্পূর্ণ শিক্ষামূলক ও জ্ঞান বিনিময়ের উদ্দেশ্যে প্রস্তুত। এটি কোনো চাকরি, নিয়োগ, পদোন্নতি বা IDRA-র অনুমোদন প্রাপ্তির নিশ্চয়তা বা প্রতিশ্রুতি নয়।
- এটি আইনগত, কর, বিনিয়োগ বা পেশাগত পরামর্শ নয়; কোনো কোম্পানির শেয়ার কেনাবেচার সুপারিশও নয়।
- কোম্পানির তথ্য প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ২০২৫ থেকে; নাম কেবল শিক্ষামূলক উদাহরণ, কোনো ব্যক্তি বা কোম্পানির মূল্যায়ন নয়। মতামত প্রস্তুতকারীর ব্যক্তিগত — কর্মরত প্রতিষ্ঠান বা ICMAB-এর নয়।

«ঝুঁকি বুঝি, আস্থা গড়ি»

#RoadToInsuranceCFO

মোঃ কেরামত আলী এফসিএমএ
নির্বাহী পরিচালক, সিএফও ও কোম্পানি সচিব, BLING Leather Products Ltd. | ফেলো, ICMAB
ব্যবহারিক সহায়তার জন্য মোবাইল: ০১৭১৬১৫০১৮০